ঝিনাইদহে কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহ – ঝিনাইদহে সাড়ে ১৩’শ কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করেছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। বৃহস্পতিবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে এ উপকরণ বিতরণ করা হয়।

এসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, উপজেলা কৃষি কর্মকর্তা নুর-এ নবী, অতিরিক্ত কৃষি অফিসার জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায়, গ্রীষ্মকালীন মুগ ও তিলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারের প্রণোদনা কর্মসূচির আওতায় সদর উপজেলার বিভিন্ন এলাকার সাড়ে ১৩’শ কৃষককে এ উপকরণ দেওয়া হয়। ৮’শ কৃষকের প্রত্যেককে ৫ কেজি উন্নতজাতের মুগ বীজ ও ১৫ কেজি রাসায়নিক সার এবং সাড়ে ৫’শ কৃষকের প্রত্যেককে এক কেজি গ্রীষ্মকালীন তিল ও ১৫ কেজি রাসায়নিক সার দেওয়া হয়।